গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, ঢাকা

নথি নং- ৫/কাস-১২(১৫)নীঃপঃ/স্থায়ী আদেশ/২০১৫/ তারিখঃ /১১/২০২০খ্রিঃ

স্থায়ী আদেশ নংঃ ০৩/২০২০

কুরিয়ার ইউনিট, কাস্টম হাউস ঢাকা এর মাধ্যমে আমদানিকৃত পণ্যচালান পরীক্ষণ, শুল্কায়ন ও খালাসের অনুমোদন ও প্রদানের ক্ষেত্রে অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট সকল সংস্থা কর্তৃক অনুসরণীয় কর্মপন্থা সম্বলিত নিম্নরুপ স্থায়ী আদেশ জারি করা হলোঃ

(ক) কুরিয়ার কার্গো আগমণের পর অনাবশ্যক বিলম্ব ব্যতিত হ্যান্ডলিং এজেন্ট কর্তৃক কাস্টমস কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক পণ্যচালান সংশ্লিষ্ট কুরিয়ার সার্ভিসের নিকট হস্তান্তর করতে হবে। কুরিয়ার সার্ভিস কর্তৃক পণ্যচালানসমূহ স্ক্যানিং মেশিনে স্ক্যানিং সম্পূর্ণ করে যথাযথভাবে এয়ারওয়ে বিল অনুযায়ী তাদের নির্ধারিত ওয়্যারহাউজে সংরক্ষণ করবেন এবং এক্ষেত্রে প্রতিটি কুরিয়ার সার্ভিস কর্তৃপক্ষকে একটি ইলেক্ট্রনিক রেজিস্টারে রপ্তানিকারক ও আমদানিকারকের নাম ও ঠিকানা, আইজিএম অনুযায়ী পণ্যের প্যাকেজের সংখ্যা, বর্ণনা, পরিমাণ ও মূল্য, আগমণের তারিখ, বহনকারী উড়োজাহাজের নাম ও তারিখ যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে। স্ক্যানিং হওয়ার পর প্রযোজ্য ক্ষেত্রে যথোপযুক্ত কাস্টমস কর্মকর্তার নির্দেশে রাজস্ব ঝুঁকিসহ ঝুঁকিপূর্ণ পণ্যসমূহ কুরিয়ার ইউনিট তাদের নির্ধারিত ওয়্যারহাউসে পৃথকভাবে সংরক্ষণ করবেন।

(খ) আমদানিকারকের মনোনীত প্রতিনিধি (কাস্টমস হতে লাইসেন্স প্রাপ্ত ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্ট) জাতীয় রাজস্ব বোর্ডের এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে বিল অব এন্ট্রি দাখিলপূর্বক প্রয়োজনীয় দলিলাদিসহ কাস্টমস কর্তৃপক্ষের নিকট আবেদন করলে শুল্কায়নের সময় এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের অনলাইন আইজিএম এ উল্লিখিত পণ্যের ঘোষণা/বর্ণনা, মূল্যসহ সমুদয় তথ্যাদি আড়াআড়ি যাচাই করে সঠিক প্রাপ্তিতে কুরিয়ার শুল্কায়ন কর্মকর্তাকে দ্রুত শুল্কায়ন সম্পন্ন করতে হবে। পাশাপাশি আমদানিকৃত পণ্যচালানসমূহ পরীক্ষণের দায়িত্বে নিয়োজিত কুরিয়ার (পরীক্ষণ) ইউনিট এর সংশ্লিষ্ট কাস্টমস কর্মকর্তাগণকে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত ঝুঁকি ব্যবস্থাপনা নীতিমালার আলোকে পণ্য পরীক্ষা সম্পন্ন করবেন। পণ্য পরীক্ষাকালে এয়ারওয়ে বিল সংশ্লিষ্ট পণ্যের মার্কস নম্বর, কার্টুন সংখ্যা ও ওজন অনুসারে কাস্টমস কর্মকর্তাগণকে সংশ্লিষ্ট কুরিয়ার সার্ভিস প্রয়োজনীয় সহায়তা করবেন।

(গ) যে পণ্যচালান শুল্কায়িত ও শুল্ক পরিশোধিত হয়েছে, সংশ্লিষ্ট কুরিয়ার সেবাদানকারী প্রতিষ্ঠানকে পণ্যের Custodian হিসেবে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে Log-in করে উক্ত পণ্যচালান খালাসের সমর্থনে দাখিলকৃত দলিলাদিতে বর্ণিত তথ্যাদির সাথে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম এ রক্ষিত তথ্যাদি (যা real time এ view করা যায়) যথা বিল অব এন্ট্রি নম্বর, তৎসংশ্লিষ্ট আমদানিকারক, রপ্তানিকারক, ক্লিয়ারিং এন্ড ফরোওয়ার্ডিং এজেন্টের তথ্য; চালানটি শুল্কায়িত ও শুল্ক পরিশোধিত কি না; এয়ারওয়ে বিল, কার্টুন সংখ্যা, মার্কস নম্বর এবং ওজন সঠিক রয়েছে কি না তা যাচাই করে ডেলিভারীর জন্য এক্সিট নম্বর (এক্স নম্বর) প্রদান করতঃ ইলেক্ট্রনিক রেজিস্টারে সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট এর বৈধ প্রতিনিধির নাম ও কার্ড নম্বর, পণ্য খালাসের তারিখ ও তথ্য লিপিবদ্ধ করে তাঁকে মালামাল প্রদান করবেন। এক্ষেত্রে ভিন্নতা পরিলক্ষিত হলে এক্সিট নম্বর (এক্স নম্বর) প্রদান ব্যতিরেকে কুরিয়ার সেবাদানকারী সেখানে কর্মরত কাস্টমসের সহকারী/ ডেপুটি কমিশনারকে দ্রুত অবহিত করবেন।

(ঘ) রাজস্ব সুরক্ষা অধিকতর নিশ্চিতকল্পে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ঝুঁকি ব্যবস্থাপনায় বা গোয়েন্দা তথ্যের ভিত্তিতে প্রয়োজন অনুসারে খালাস পর্যায়ে কাস্টমস কর্তৃপক্ষের উপযুক্ত কর্মকর্তা কুরিয়ার ইউনিটের ডেলিভারী গেইটে পণ্যের ঘোষণা ও বর্ণনা শুল্কায়িত দলিলাদির ভিত্তিতে পরীক্ষন করবেন। প্রয়োজনীয় পরীক্ষান্তে বা দলিলাদি সঠিক প্রাপ্তি সাপেক্ষে কাস্টমস কুরিয়ার কর্মকর্তা পণ্যচালান খালাসের জন্য অনুমতি প্রদান করিবেন। কুরিয়ার ইউনিটের প্রতিটি পণ্য খালাস সমাপ্ত হলে পণ্য সংক্রান্ত নথি আমদানিকারক বা তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক কুরিয়ার ইউনিটের ডেলিভারী কর্মকর্তার নিকট দাখিল করবেন। কুরিয়ার ইউনিটের ডেলিভারী কর্মকর্তা নথি সংক্রান্ত তথ্য রেজিষ্টারে লিপিবদ্ধ করে পরবর্তী কর্মদিবসে স্ব স্ব শুল্কায়ন টিমে নিকট প্রেরণ নিশ্চিত করবেন।

০২। যেহেতু আমদানিকৃত পণ্যচালান The Customs Act, 1969 এর বিধানবলে নিষ্পত্তি হয় এবং সরকার যুক্তিসংগত কারণেই অটোমেটেড শুল্কায়ন পদ্ধতি এ্যাসাইকুডা ওয়ার্ল্ড প্রচলন করেছে সেহেতু The Customs Act, 1969 এর বিধানবলে আমদানিকৃত পণ্যচালানের সংরক্ষণ/খালাস/অন্যবিধ তথ্যাদি শুধুমাত্র এ্যাসাইকুডা ওয়ার্ল্ডের মাধ্যমে নির্ণায়কযোগ্য হবে। ফলশ্রুতিতে, কুরিয়ার সার্ভিস প্রয়োজনীয় সংখ্যক স্থানে এ্যাসাইকুডা ওয়ার্ল্ডের ব্যবহার নিশ্চিত করে পণ্যের দায় নির্বাহে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করবেন।

০৩। The Customs Act, 1969 এর বিধান প্রতিপালনে অখালাসকৃত পণ্যচালানের আইনানুগ নিষ্পত্তির জন্য কুরিয়ার সার্ভিস পণ্য অবতরণের ২১ দিন অতিবাহিত হলে অখালাসকৃত চালানের এয়ারওয়ে বিল ভিত্তিক তথ্য নিয়মিত কাস্টম হাউস, ঢাকাকে অবহিত করতে হবে।

০৪। বিদ্যমান জারীকৃত অফিস আদেশ বা স্থায়ী আদেশের কোনো বর্ণনা বা ব্যাখ্যার সাথে এই আদেশের কোনো বর্ণনা বা অনুচ্ছেদ সাংঘর্ষিক হলে, এই স্থায়ী আদেশের নির্দেশাবলী প্রাধান্য পাবে।

০৫। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং ০১/১২/২০২০ হতে কার্যকর হবে।

মোঃ মোয়াজ্জেম হোসেন
কমিশনার
কাস্টম হাউস, ঢাকা।

নথি নং- ৫/কাস-১২(১৫)নীঃপঃ/স্থায়ী আদেশ/২০১৫/ ১৮৮৪০ (৪০) তারিখ: ২৮/১১/২০২০খ্রিঃ

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনী কার্যার্থে) (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) :

০১। অতিরিক্ত কমিশনার-১/২, কাস্টম হাউস, ঢাকা।
০২। যুগ্ম কমিশনার-১/২, কাস্টম হাউস, ঢাকা।
০৩। ইডিপি ম্যানেজার, কাস্টম হাউস, ঢাকা।
০৪। ডেপুটি/ সহকারী কমিশনার, কুরিয়ার/এয়ারফ্রেইট/প্রিভেন্টিভ/রপ্তানি, কাস্টম হাউস, ঢাকা।
০৫। সভাপতি, ইন্টারন্যাশনাল এয়ার এক্সপ্রেস এসোসিয়েশন, ঢাকা।
০৬। সভাপতি, সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন, ঢাকা।
০৭। সভাপতি, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডাস এসোসিয়েশন, ঢাকা।

বিতরণ (সদয় অবগতির জন্য) (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) :

০১। চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা।
০২। সদস্য (শুল্ক নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৩। সদস্য (শুল্ক নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৪। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, কুর্মিটোলা, ঢাকা।
০৬। সভাপতি, দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, মতিঝিল, ঢাকা।
০৭। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৮। পি এস টু (চেয়ারম্যান চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৮/১১/২০

মোঃ মোয়াজ্জেম হোসেন
কমিশনার